

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং

এস,আর,ও, নং-১২১-আইন/৯৮/১৮২-মুসক। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ৪ঠা আষাঢ়, ১৩৯৯ বাং মোতাবেক ১৮ই জুন, ১৯৯২ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং-১৪২-আইন/৯২/৫৫-মুসক নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের শিরনামা সংখ্যা ৬৪.০১ হইতে ৬৪.০৫ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ-

“২২.০২	সংশ্লিষ্ট এইচ, এস, কোড	কোমল পানীয়
৩২.০৭ হইতে	”	পেইন্টস্, পিগমেন্টস্, ভার্নিশেস এবং পলিশেস
৩২.১২	”	”
৩৩.০৪	”	সৌন্দর্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী, সানস্ক্রীন বা সানস্ক্রিন সামগ্রী, হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রী সহ
৩৩.০৫	”	কেশ পরিচর্যা ব্যবহৃত সামগ্রী
৩৩.০৬	”	মুখ গহ্বর অথবা দন্ত জীবাণুমুক্তকারী সামগ্রী, দন্ত জীবাণু মুক্তকারী আঠালো পেষ্টি
৩৩.০৭	”	শেভ পূর্ব, শেভিং অথবা শেভ পরবর্তীতে ব্যবহার্য প্রসাধন সামগ্রী
”	”	শরীরের দুর্গন্ধ এবং ঘাম দূরীকরণে ব্যবহৃত সামগ্রী
”	”	সুগন্ধযুক্ত বাথ সোপ এবং অন্যান্য গোসল সামগ্রী
”	”	এয়ারফ্রেশনার ও অন্যান্য সামগ্রী
”	”	অন্যান্য সামগ্রী
৩৪.০১ হইতে	”	ডিটারজেন্ট (গুড়া ও তরল), তরল সাবানসহ সকল প্রকার সাবান (কাপড় কাঁচার সাবান ব্যতীত)
৩৪.০২	”	এ্যারোসোল, ডিজাইনফেক্ট্যান্ট
৩৮.০৮	”	টিস্যু পেপার (সকল প্রকার)”।
৪৮.০৩	”	”

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ডঃ মসিউর রহমান]

সচিব